তারিখ 11 JUL 1988
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 5 ...

দৈনিক সংবাদ

019

# '৭৩ সালের বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ সম্পর্কে আলোচনার প্রয়োজন

—শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার আমিনুল ইসলাম মাহমুদ বলেন, শিক্ষা ব্যবস্থার বর্তমান প্রেক্ষাপটে ১৯৭৩ সালের বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ সম্পর্কে আলাপ-আলোচনার প্রয়োজন রয়েছে।

তিনি গতকাল রোববার এখানে বাংলাদেশ শিক্ষক সমিতি আয়োজিত ঢাকা মহানগরী শিক্ষকদের ত্রিবার্ষিক প্রতিনিধি সম্মেলনে একথা বলেন।

মন্ত্রী বলেন, যে আশা নিয়ে অর্থাৎ শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে '৭৩-এর অধ্যাদেশ করা

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

## শিক্ষামন্ত্রী

(১ম পাতার পর)

হয়েছিল তা অর্জিত হয়নি। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় অঙ্গনে অস্থিরতা, পরীক্ষা বন্ধ এবং সেশন জটের মত জটিলতার সৃষ্টি হয়েছে। আর তাই একাডেমিক ক্ষেত্রে স্বায়ত্তশাসন অক্ষুন্ন রেখে ১৯৭৩ এর অধ্যাদেশ পরিবর্তন করে শিক্ষার পরিবেশ উন্নত করার ব্যাপারে ব্যাপক আলাপ-আলোচনার প্রয়োজনীয়তার উপর তিনি গুরুত্ব আরোপ করেন।

সভায় বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি শেখ আমানুল্লাহ, ঢাকা মহানগরী শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আবদুল প্রতিন ভাষণ দেন।

শিক্ষাসচিব হেদায়েত আহমদ সভায় উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণীর।